


# ইউনিভার্সিটি হসপিটাল ডোরসেট NHS ফাউন্ডেশনের এমার্জেন্সি ডিপার্টমেন্টে রক্তের মাধ্যমে বিস্তার হওয়া ভাইরাস সংক্রান্ত পরীক্ষা

## ডিসেম্বর 2024

আপনার যদি ইউনিভার্সিটি হসপিটালস ডোরসেট NHS ফাউন্ডেশন, এমার্জেন্সি ডিপার্টমেন্ট (A&E)-এ রক্ত পরীক্ষা করানোর থাকে, তাহলে সেই সঙ্গে আপনি HIV, হেপাটাইটিস B এবং হেপাটাইটিস C পরীক্ষাও করাতে পারবেন। আমাদের এমার্জেন্সি ডিপার্টমেন্টে BBV-এর পরীক্ষা **‘অপ্ট-আউট’ ভিত্তিতে** হবে। এর মানে আপনার পরিচর্যার অংশ হিসাবে যদি আপনার রক্তের নমুনা নেওয়া হয়ে থাকে, তাহলে আমরা স্বয়ংক্রিয়ভাবে BBV পরীক্ষা করব।

## প্রায়শই জিজ্ঞাসা করা প্রশ্ন

### কী হচ্ছে?

ন্যাশনাল হেলথ সার্ভিস ইংল্যান্ড অ্যান্ড NHS ইমপ্রুভমেন্ট (NHSEI) সর্বোচ্চ ঝুঁকি বা প্রবণতা থাকা স্থানীয় কর্তৃপক্ষের এলাকাগুলোতে থাকা এমার্জেন্সি ডিপার্টমেন্টে অপ্ট-আউট টেস্টিং বৃদ্ধি করছে, যেটি নতুন কেস শনাক্ত করার একটি প্রমাণিত কার্যকর উপায় এবং পরবর্তী তিন বছরে এই কার্যক্রমে সহায়তা করতে £20m বিনিয়োগ করবে। ইউনিভার্সিটি হসপিটালস ডোরসেট NHS ফাউন্ডেশন ট্রাস্ট, এমার্জেন্সি ডিপার্টমেন্ট-ও অংশগ্রহণ করছে এবং HIV, হেপাটাইটিস B এবং হেপাটাইটিস C-এর মতো রক্তের মাধ্যমে ছড়ানো ভাইরাসে আক্রান্ত লোকজনকে শনাক্ত ও সহায়তা করতে এই সুযোগকে কাজে লাগাচ্ছে।

- **2030 সালের মধ্যে নতুন HIV সংক্রমণ একদম শূন্য করা, প্রতিরোধ করা যায় এমন মৃত্যু না হতে দেওয়া ও কলঙ্ক দূর করার জন্য পরীক্ষা গুরুত্বপূর্ণ।**

- **সাম্প্রতিক @UKHSA ডেটা থেকে দেখা যাচ্ছে যে 2020 সালে ইংল্যান্ডে যতজন HIV আক্রান্ত হয়েছেন বলে জানা গিয়েছে, তাদের প্রায় অর্ধেক (42%) লোকজনের ডায়াগনসিস দেরিতে হয়েছে।**
- **HIV আক্রান্ত লোকজন কোনো উপসর্গ ছাড়াই দীর্ঘদিন বেঁচে থাকতে পারেন এবং আপনার HIV স্ট্যাটাস জানার একমাত্র উপায় হলো পরীক্ষা করা।**
- **যদি আপনার HIV থাকে, সেটা জানতে পারার মানে হলো চিকিৎসা শুরু করা, স্বাস্থ্যকর থাকা এবং ভাইরাসটি অন্যের মধ্যে ছড়িয়ে না দেওয়া।**

## আমরা BBV মানে কী বলি?

এই প্রসঙ্গে যে BBV-গুলো দেখা হচ্ছে, সেগুলো হলো HIV, হেপাটাইটিস B এবং হেপাটাইটিস C।

## আমরা ঠিক কীসের জন্য পরীক্ষা করব?

হেপাটাইটিস C - HCV অ্যান্টিবডি,

হেপাটাইটিস B – HbsAg

HIV (হিউম্যান ইমিউনোডেফিসিয়েন্সি ভাইরাস) – (Ab এবং Ag P24)

## আমি কীভাবে অপ্ট আউট করব?

আপনি যদি নিজের রক্ত থেকে হেপাটাইটিস B, হেপাটাইটিস C বা HIV পরীক্ষা করাতে না চান, তাহলে অনুগ্রহ করে যে স্টাফ আপনার রক্ত সংগ্রহ করছেন, তাকে সেটি জানিয়ে দিন।

## HIV, হেপাটাইটিস B এবং হেপাটাইটিস C-এর জন্য কেন আমার রক্ত পরীক্ষা করা হচ্ছে?

প্রতিটি ভাইরাসের আলাদা আলাদা চিকিৎসা পদ্ধতি রয়েছে। সব চিকিৎসা নিরাপদ, কার্যকর ও সরল। এই চিকিৎসাগুলো আপনাকে স্বাস্থ্যকর থাকতে এবং ভাইরাসের ছড়িয়ে পড়া প্রতিরোধ করতে সাহায্য করে। হেপাটাইটিস C

সম্পূর্ণভাবে নিরাময় করা যেতে পারে। সঠিক চিকিৎসা পেলে আপনি দীর্ঘ এবং স্বাস্থ্যকর জীবন কাটানোর প্রত্যাশা করতে পারেন।

## HIV, হেপা-B এবং হেপা-C চিকিৎসা কি প্রত্যেকের জন্য বিনামূল্যে পাওয়া যায়?

হ্যাঁ, যুক্তরাজ্যে চিকিৎসা সেবার সুযোগ গ্রহণ করা সবাই বিনামূল্যে এই সেবা পেতে পারেন।

## যুক্তরাজ্যের স্থায়ী বাসিন্দা নন, এমন কাউকে আমি কীভাবে আশ্বস্ত করতে পারব যে তিনি সঠিক পরিচর্যার মাধ্যমে সাহায্য পাবেন?

পাবলিক ফান্ডে যাদের অ্যাক্সেস নেই, তারা এবং ইমিগ্রেশন স্ট্যাটাস নির্বিশেষে সবাই বিনামূল্যে চিকিৎসা পাবেন। যে রোগীদেরকে দেশ থেকে সরিয়ে দেওয়া হচ্ছে, তাদেরকে প্রেসক্রাইব করা চিকিৎসা 3 মাস পর্যন্ত দেওয়া যেতে পারে, যেটি নিশ্চিত করবে যে হেপা-C-এর চিকিৎসার সম্পূর্ণ কোর্স সর্বদাই সম্ভব। HIV এবং হেপা-B-এর জন্য, দেশে NHS স্ট্যান্ডার্ড চিকিৎসা এবং সহায়তা দেওয়া হয়। এছাড়া যে লোকজন চিকিৎসা পাচ্ছেন, তাদেরকে সাহায্য দিয়ে নিশ্চিত করা হবে যাতে তারা যুক্তরাজ্য ছেড়ে যাওয়ার পর নিজেদের যত্ন বা চিকিৎসার দায়িত্ব নিজেরাই নিতে পারেন।

## আমার পরীক্ষার ব্যাপারে কি আমাকে জানানো হবে?

- **যদি আপনার ফলাফল নেগেটিভ হয়...**

নেগেটিভ ফলাফল মানে আমরা যখন পরীক্ষা করেছি, তখন আপনার হেপাটাইটিস B, হেপাটাইটিস C বা HIV ছিল না। আপনাকে জানানো হবে না।

- **যদি আপনার পরীক্ষার ফলাফল পজিটিভ হয়...**

যদি আপনার পরীক্ষা রিঅ্যাক্টিভ (প্রভিশনাল পজিটিভ) হয়, তাহলে আমরা সরাসরি আপনার সঙ্গে যোগাযোগ করব, যাতে পরবর্তী পদক্ষেপ নিয়ে আলোচনা করতে প্রাসঙ্গিক বিশেষজ্ঞ পরিষেবার সাথে অ্যাপয়েন্টমেন্টের ব্যবস্থা করা যায়।

যদি প্রযুক্তিগত কারণে আমরা আপনার পরীক্ষার প্রক্রিয়া করতে না পারি, তাহলে টিমের একজন সদস্য আপনার সঙ্গে যোগাযোগ করবেন এবং পুনরায় টেস্ট অফার করা হবে।

## আরো তথ্যের জন্য UHD-তে আমি কার সঙ্গে যোগাযোগ করব?

আপনার যদি কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকে, তাহলে 07795 914621 নম্বরে কল করে নার্সিং টিমের সঙ্গে যোগাযোগ করতে পারেন।

আপনি চাইলে 24/7 বার্তা পাঠাতে পারেন, তবে অনুগ্রহ করে মনে রাখবেন যে শুধুমাত্র সোমবার থেকে শুক্রবার সকাল 9টা থেকে বিকাল 5টা পর্যন্ত বার্তার উত্তর দেওয়া হয় (সরকারি ছুটির দিন ছাড়া)। যদি কর্মী ব্যস্ত থাকেন, তাহলে আপনাকে বার্তা পাঠাতে হবে এবং তারা যত শীঘ্র সম্ভব আপনার সঙ্গে যোগাযোগ করবেন।

## আমার যোগাযোগের তথ্য পরিবর্তিত হলে কী হবে?

আপনার পরীক্ষার ব্যাপারে যাতে আপনার সাথে যোগাযোগ করা যায়, তা সুনিশ্চিত করতে অনুগ্রহ করে দেখুন আমাদের কাছে আপনার যোগাযোগের সঠিক তথ্য (অন্তত একটি ফোন নম্বর) আছে। পরীক্ষার এক সপ্তাহের মধ্যে যদি আপনার যোগাযোগের তথ্য পরিবর্তন হয়, তাহলে অনুগ্রহ করে আমাদেরকে তা জানান। আপনার যোগাযোগের বিস্তারিত তথ্য যে সঠিক, তা নিশ্চিত করতে আপনাকে সেবা প্রদান করা রিসেপশন স্টাফ বা চিকিৎসক বা নার্সের কাছে আপনার যোগাযোগ সংক্রান্ত তথ্য যাচাই করে নিতে পারেন।

## আমি যদি এই ভাইরাসগুলো সম্পর্কে জানতে না চাই তাহলে কী হবে?

যারা নিজেদের অবস্থা সম্পর্কে অবহিত নন, আমরা এমন প্রত্যেককেই পরীক্ষা করিয়ে নিতে উৎসাহ দিই। জানলে ও চিকিৎসা করালে আপনার জীবন বাঁচতে পারে। আপনি যদি পরীক্ষা করাতে না চান, তাহলে অনুগ্রহ করে কর্মীকে জানিয়ে দিন।

## আমার পরীক্ষার ফলাফল পজিটিভ হলে কে তা দেখতে পাবেন?

NHS-এর বাকি সব পরীক্ষার ফলাফলের মতো এটিও গোপন থাকে। এর মানে শুধুমাত্র যে NHS স্বাস্থ্যসেবা কর্মীরা আপনার চিকিৎসার সঙ্গে জড়িত, তারাই আপনার পরীক্ষার ফলাফলে অ্যাক্সেস পাবেন।

## এই ভাইরাসগুলোর ব্যাপারে আমি কোথায় আরো তথ্য খুঁজে পাব?

### হেপাটাইটিস B

| | |
|---|---|
| NHS (হেপাটাইটিস B পেজ): | www.nhs.uk/conditions/hepatitis-b |
| ব্রিটিশ লিভার ট্রাস্ট: | www.britishlivertrust.org.uk |

## হেপাটাইটিস C

NHS (হেপাটাইটিস C পেজ): www.nhs.uk/conditions/hepatitis-c

হেপাটাইটিস C ট্রাস্ট: www.hepctrust.org.uk

## হিউম্যান ইমিউনোডেফিসিয়েন্সি ভাইরাস (HIV)

NHS (HIV ও AIDS পেজ): www.nhs.uk/conditions/hiv-and-aids

'Do It London': www.doitlondon.org

ন্যাশনাল AIDS ট্রাস্ট: www.nat.org.uk

'Terrence Higgins Trust': www.tht.org.uk